# বাংলাদেশ কৃষি ব্যাংক
## আঞ্চলিক কার্যালয়, পটিয়া।

ফোনঃ ০৩০৩৫-৫৬৫২৭ (অফিস)।
ফোনঃ ০৩০৩৫-৫৬৬১৮ (অফিস)।
www.krishibank.org.bd
email:rmpatia@krishibank.org.bd

"মাস্ক পরিধান করুন,
কৃষি ব্যাংকের সেবা নিন।"
" মাস্ক পরিধান করুন,
সুস্থ থাকুন"।

### সভা নং- ০২ (দুই)
### (সভার কার্যবিবরণী)

অদ্য ০৭/১২/২০২০ ইং রোজ সোমবার বিকাল ৪.০০ ঘটিকার সময় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, পটিয়া প্রাঙ্গনে মাঠপর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্টার জন্য গঠিত নৈতিকতা কমিটির ২য় কমিটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি, আঞ্চলিক ব্যবস্থাপক জনাব লকিত উল্লাহ ।

সভায় সভ্যগণের উপস্থিতির স্বাক্ষর ও তারিখঃ

| ক্রম | সদস্যের নাম | কমিটিতে পদবী | মূল পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | লকিত উল্লাহ | সভাপতি | আঞ্চলিক ব্যবস্থাপক | 07.12.2020 |
| ২ | কামরুল হাসান | সদস্য - ১ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | 07/12/2020 |
| ৩ | মোহাম্মদ নাজমুল হক | সদস্য - ২ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | |
| ৪ | নিউটন আচার্য | ফোকাল পয়েন্ট অফিসার | কর্মকর্তা | 07/12/20 |

<u>সভার আলোচ্য বিষয়ঃ</u>

০১। আঞ্চলিক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ।

০২। কোভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ থাতে ব্যবহার সংক্রান্ত- আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণ।

০৩। অধীনস্থ শাখাসমূহে কোভিড-১৯ এর কারনে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা।

০৪। কর্মকর্তা / কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরন।

০৫। সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ।

০৬। বিবিধ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পবিত্র কোরাণ তেলোয়াতের মাধ্যমে সভার শুরু হয় এবং আলোচ্য বিষয়াবলী নিয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>আলোচনা ও সিদ্ধান্তবলীঃ</u>

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | আঞ্চলিক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ। | সভার শুরুতে সভাপতি সাহেব বর্তমানে স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতিক, অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত নৈতিক অবক্ষয়ের চিত্র সকলের সামনে তুলে ধরেন। পাশাপশি সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নৈতিকতা চর্চার মাধ্যমে আধুনিক ও উন্নতমানের প্রযুক্তি নির্ভর ব্যাংকিং ব্যবস্থা চালু করার মাধ্যমে এলাকার গরীব দুঃখী মানুষের কল্যাণ ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় ব্যক্ত করেন। এরপর কমিটির ১ নং সদস্য জনাব কামরুল হাসান আঞ্চলিক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করেন। | শাখার ১৯ টি শাখার মধ্যে বরতমানে ১৪ টি অনলাইনে কারযক্রম পরিচালনা করে। বাকী ৫ টি শাখা অনলাইনে যাবার প্রক্রিয়ায় রহিয়াছে। উক্ত কারযক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। | মোহাম্মদ নাজমুল হক, উঃ মুঃ কঃ। |

চলমান- পাতা-২

07/12/2020

| সূচী | বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২ | কভিট-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার সংক্রান্ত আলোচনা। | ফোকাল পয়েন্ট অফিসার জনাব নিউটন আচার্য জানান, বিশ্বব্যাগী মাহামারী কভিড-১৯ এর কারনে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয়ের কারনে দেশে বেকারত্ব মারাত্মকভাবে বেড়ে যাওয়ায় হানাহানিসহ নৈতিক অবক্ষয় সৃষ্টি হয়েছে। এ থেকে উত্তরণের জন্য সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা যথাযথ খাতে ব্যবহার হলে দেশের সাধারন জনগনের উপকার হবে তথা দেশের অর্থনৈতিক অগ্রগতি হবে ফলে নৈতিক অবক্ষয় কমে আসবে- মর্মে বিশদ আলোচনা করেন এবং ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গুরুত্ব আরোপ করেন। | কমিটির সভ্যগনের আলোচনা শেষে অধীনস্থ শাখাসমূহে এসিডি ঋন, মুজিব বর্ষ এবং অন্যান্য ঋন বিতরন ১০০% অর্জনের সভাপতি মহোদয় সকল কর্মকর্তা / কর্মচারীকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান এবং শাখাসমূহে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব কামরুল হাসান। |
| ০৩ | অধীনস্থ অধীনস্থ শাখাসমূহে কোভিড-১৯ এর কারনে স্বাস্স্থ্যবিধি মেনে চলার নির্দেশনা। | কমিটির ২ নং সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক অঞ্চলাধীন শাখাসমূহে অধীনস্থ শাখাসমূহে কোভিড-১৯ এর কারনে শাখার প্রবেশ পথে স্বাস্স্থ্যবিধি মেনে চলার জন্য করনীয় সংক্রান্ত নোটিশ লাগানো এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী নির্দেশনা যথাযথভাবে মেনে চলার জন্য গুরুত্ব আরোপ করেন এবং করনীয় সংক্রান্ত সকলের আলোচনা ও সিদ্ধান্ত- গ্রহণের আহ্বান জানান। | কমিটির সভ্যগনের আলোচনা শেষে অধীনস্থ শাখাসমূহের প্রবেশ পথে নিম্নরূপ নোটিশ লাগানোর এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী নির্দেশনা যথাযথভাবে মেনে চলার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>"মাস্ক পরিধান করুন, কৃষি ব্যাংকের সেবা নিন।"<br>" মাস্ক পরিধান করুন, সুস্থ থাকুন"। | ২ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব মোহাম্মদ নাজমুল হক। |
| ০৪ | কর্মকর্তা / কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণ। | কমিটির ২ নং সদস্য জনাব মোহাম্মদ নাজমুল হক জানান অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়াও পূর্বের কোন অভিযোগ অনিষ্পন্ন নাই। তবুও কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের হটলাইন (১৬২৩৬), আঞ্চলিক নৈতিকতা কমিটির সভাপতি – আঞ্চলিক ব্যবস্থাপকের ফোন নং- এবং অভিযোগ বাক্স দৃশ্যমান স্থানে স্থাপনে প্রস্তাব করেন। | অধীনস্থ শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনের বিরুদ্ধে কোন অভিযোগ নাথাকায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং এধারা যেন ভবিষ্যতেও অক্ষুন্ন থাকে সে ব্যাপারে সকল কর্মকর্তা / কর্মচারীকে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদান এবং বাংলাদেশ ব্যাংকের হটলাইন (১৬২৩৬), আঞ্চলিক নৈতিকতা কমিটির সভাপতি – আঞ্চলিক ব্যবস্থাপকের ফোন নং- এবং অভিযোগ বাক্স দৃশ্যমান স্থানে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব মোহাম্মদ নাজমুল হক। |
| ০৫ | সকলের দৃশ্যমান হবার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে কমিটির কার্যক্রম আপলোডকরণ | প্রধান কার্যালয়ের নির্দেশনা এবং অধীনস্থ শাখাসমূহের নৈতিকতার চর্চার উদ্বুদ্ধকরণের জন্য গঠিত কমিটির সকল কার্যক্রম ইতিমধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে আপলোড হয়েছে মর্মে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য সভায় জানান। | বাংলাদেশ কৃষি ব্যাংকের তথ্য বাতায়নে যথাসময়ে নৈতিকতা কমিটির সকল কর্মকান্ড আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নিউটন আচার্য। |
| ০৬ | বিবিধ। | পরবর্তী সভা যথাসময়ে আয়োজন এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন, উত্তম নৈতিকরা জন্য পুরুষ্কার প্রদান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাময়ে বাস্থবায়নের জন্য সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করে আলোচনা করেন। | যথাসময়ে সভা আয়োজন, উত্তম নৈতিকতার জন্য পুরুষ্কার প্রদান এবং নৈতিকতার স্খলন হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন বিষয়ক গৃহীত সিদ্ধান্তসমূহ সকল শাখাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ নং সদস্য, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা জনাব কামরুল হাসান। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

07/12/2020
(নিউটন আচার্য)
কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০৭.১২.২০২০
(মোহাম্মদ নাজমুল হক)
উ: মুখ্য কর্মকর্তা
ও
২ নং সদস্য

মোহাম্মদ নাজমুল হক
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, পটিয়া।

(মোঃ কামরুল হাসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
১ নং সদস্য

মোঃ কামরুল হাসান
(উঃ মুঃ কর্মকর্তা)
আঞ্চলিক কার্যালয়
পটিয়া

(লকিত উল্লাহ)
আঞ্চলিক ব্যবস্থাপক.
ও
সভাপতি

লকিত উল্লাহ
আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, পটিয়া।